

সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

শান্তিগঞ্জ, সুনামগঞ্জ-৩০০০।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং: সুবিপ্রবি/প্রশা/নিয়োগ-৪৩৭

তারিখ: ১২/০৫/২০২৪ইং

- মুক্তিযোদ্ধার সন্তান (মুক্তিযোদ্ধা পরিবারের নাতি-নাতনি সহ), প্রতিবন্ধী, উপজাতি ও তফসিল সম্প্রদায়ভুক্ত অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে সরকারি নির্দেশনা অনুযায়ী বয়সসীমা শিথিল যোগ্য।
- এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মধ্যে যে কোন একটি শিথিলযোগ্য।
- অভিজ্ঞতা বলিতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/কর্পোরেশনের চাকুরির অভিজ্ঞতা বুঝাইবে।
- বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্র যথোপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করিতে হইবে।
- আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিনে বয়স গণনা করা হইবে।

পদের নাম, বেতন স্কেল, গ্রেড, বয়স	শিক্ষাগত যোগ্যতা
<p>নির্বাহী প্রকৌশলী (সিভিল) বেতন স্কেল চ: ৩৫,৫০০-৬৭,০১০/- (গ্রেড-০৬) বয়স অনূর্ধ্ব ৩৫ বৎসর পদ সংখ্যা: ০১ টি</p>	<ol style="list-style-type: none">প্রার্থীকে সকল পর্যায়ে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) বা ইহার সমতুল্য ডিগ্রি থাকিতে হইবে।প্রার্থীকে স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৩.০ (৫.০ এর মান)/সমমানের জিপিএ ৩.০ (৪.০ এর মান) সহ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রির ক্ষেত্রে সিজিপিএ ৩.০ (৪.০ এর মান) থাকিতে হইবে।প্রার্থীকে সহকারী প্রকৌশলী (গ্রেড-৯) পদে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় ন্যূনতম ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি প্রতিষ্ঠানের প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন এবং পিপিএ ও পিপিআর সম্পর্কে সুস্পষ্ট ধারণাসহ উপরোক্ত অভিজ্ঞতা সম্পন্ন উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

আবেদনপত্রের শর্তাবলীঃ

- প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম এ আবেদন করিতে হইবে।
- আবেদনকারীকে ০৬ (ছয়) সেট আবেদনপত্র দাখিল করিতে হইবে।
- আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবিসহ, জনতা ব্যাংকের যে কোন শাখা হইতে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপাচার্য, সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ-৩০০০ বরাবর প্রেরণ করিতে হইবে (পোস্টাল অর্ডার গ্রহণ যোগ্য নয়)।
- মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র-নৃগোষ্ঠীর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে প্রাপ্ত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে।
- প্রার্থীর সংখ্যা বেশি হইলে প্রয়োজনে লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হইতে পারে। যোগ্য/প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান টেলিফোন/এসএমএস-এর মাধ্যমে জানানো হইবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হইবে না।
- আবেদনপত্র আগামী ২৬/০৫/২০২৪ইং তারিখের মধ্যে রোজ রবিবার সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন সময়ে রেজিস্ট্রার বরাবর সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর ঢাকাস্থ গেস্ট হাউজঃ বাড়ি নং-৮৯৪, রোড নং-১১, এভিনিউ-২, মিরপুর ডিওএইচএস, ঢাকা-১২১৬ সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাইতে হইবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় আবেদনকারীকে সকল মূল সনদপত্র ও সংশ্লিষ্ট পত্রাদির কপিসহ উপস্থিত থাকিতে হইবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করিতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করিতে বাধ্য থাকিবে না।
- নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।

১২/০৫/২০২৪ ইং
রেজিস্ট্রার

সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সুনামগঞ্জ।

স্মারক নং: সুবিপ্রবি/প্রশা/নিয়োগ-৪৩৭

তারিখ: ১২/০৫/২০২৪ইং

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

- ১। পরিচালক (অর্থ ও হিসাব) অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)।
- ৩। প্রশাসনিক কর্মকর্তা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সংরক্ষণ নথি/গার্ড ফাইল/নোটিশ বোর্ড।